৭/১১/২০০১

দৈনিক ইত্তেফাক

তারিখ ... পৃষ্ঠা ১৮ কলাম ৭

# ইসলামী বিশ্ববিদ্যালয়ে ৫টি গুরুত্বপূর্ণ পদ শূন্য ॥ প্রশাসনে স্থবিরতা

**ইসলামী বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ॥** পাঁচটি গুরুত্বপূর্ণ পদ শূন্য থাকায় দীর্ঘদিন যাবৎ ইসলামী বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক কর্মকান্ডে চরম স্থবিরতা বিরাজ করিতেছে। শূন্য পদ পাঁচটি হইতেছেঃ ট্রেজারার, ছাত্র উপদেষ্টা, প্রক্টর, পরিবহন প্রশাসক এবং প্রেস প্রকাশক।

ট্রেজারার পদটি মেয়াদ শেষ হওয়ার কারণে শূন্য হয় গত সেপ্টেম্বরের প্রথম দিকে। ভিসি'র লিখিত পত্রের পরও বিদায়ী তত্ত্বাবধায়ক সরকার উহা পূরণ করে নাই। এই পদটিও ভিসি পদের ন্যায় চ্যান্সেলর কর্তৃক পূরণ করা হয়। বর্তমান প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া পদাধিকার বলে এই বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর। তাহার সরকার ক্ষমতা গ্রহণের পরও এই পদ পূরণের কোন সাড়া পাওয়া যাইতেছে না। পদটি শূন্য থাকায় প্রশাসনিক কর্মকান্ডে দারুণ ক্ষতি হইতেছে। ছাত্র উপদেষ্টার পদটি শূন্য রহিয়াছে প্রায় দুইমাস যাবৎ। এই পদটি ভিসি কর্তৃক পূরণীয় হইলেও শিক্ষকদের প্রবল দাবী-দাওয়া-গ্রুপিং এড়াইতে ভিসি পদটি শূন্যই রাখিয়াছেন। পদটি শূন্য থাকায় সাধারণ ছাত্র-ছাত্রীরা বিপাকে পড়িয়াছে। ক্যাম্পাসের আইন-শৃংখলা রক্ষার সহিত ঘনিষ্ঠভাবে সংশ্লিষ্ট হইতেছে প্রক্টর পদটি। ইহা শূন্য হইয়াছে গত ২১শে অক্টোবর প্রক্টরের আকস্মিক পদত্যাগজনিত কারণে। ইহাতে রাজনৈতিক কর্মকান্ডের উপর আরোপিত নিষেধাজ্ঞা লংঘনসহ নিত্যদিনের বিভিন্ন সমস্যা দেখাশুনার কেহ নাই। এই পদটি ভিসি কর্তৃক পূরণ হইয়া থাকে। পরিবহন প্রশাসক এবং প্রেস প্রকাশক পদ দুইটি দীর্ঘ দিন যাবৎ শূন্য। শিক্ষকদের চাপ এড়াইতে ভিসি এই পদ দুইটি পূরণে অনাগ্রহী।

উল্লেখ্য, ভিসি কর্তৃক পূরণীয় উল্লেখিত চারটি পদ পূরণ করিতে গত ১৫ দিন যাবৎ শিক্ষকদের বিশেষ করিয়া বিএনপি সমর্থক শিক্ষকদের বিশেষ তৎপরতা লক্ষ্য করা যাইতেছে। পদগুলি পূরণে ছাত্র সংগঠনগুলির আন্দোলন দাবীও যথারীতি অব্যাহত রহিয়াছে।